

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
৩। আলোচ্য কাজের ক্যালকুলেশনের কপি।
৪। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Leakage Repair Work at Dhaka Mawa Expressway Near Jurine Railgate area SWTP Transmission Network.

০১। অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব, বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াসআউট ভাল্ব সহ বিভিন্ন ধরনের ভাল্ব চেষ্টার রয়েছে। উক্ত ভাল্ব গুলো কন্ট্রোল করে ৮ (আট)টি মডস জোনের ডিষ্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। বিদ্যমান ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব এর মাধ্যমে পানির প্রেসার কন্ট্রোল করে জোন গুলোতে প্রয়োজন অনুযায়ী পানি সরবরাহ করা হচ্ছে। অত্র সম্প্রতি ঢাকা-মাওয়া মহাসড়কের জুরাইন রেল গেইট এলাকায় পানির লাইনে লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হচ্ছে মর্মে এলাকাবাসী মৌখিক ভাবে অত্র অফিসে অভিযোগ করেছেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে অত্র বিভাগের সহকারী প্রকৌশলী এবং Maintenance Team সহ সংশ্লিষ্ট এলাকা সরোজমিমে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে ঢাকা-মাওয়া মহাসড়কের জুরাইন রেল গেইট এলাকায় ওভার ব্রীজ এর উপরে বিদ্যমান ৬০০মিঃমিঃ ব্যাসের ট্রান্সমিশন লাইন বরাবর লিকেজের ফলে প্রচুর পানি বের/অপচয় হচ্ছে। লিকেজের ফলে সংশ্লিষ্ট এলাকায় জনসাধারণ এবং যানবাহনের চলাচলে অসুবিধা সৃষ্টি পানির ও অপচয় হচ্ছে। যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।


০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে PWD-2022 এর রেটসিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,৫৮৮.৩৯ (চার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত আটাত্তিশ দশমিক তিন নয়) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৫-২৬ ইং অর্থবছরের সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি RFQ পদ্ধতিতে সম্পাদনের জন্য ক্রমিক নং-২৫২ প্যাকেজ নং W190 তে অন্তর্ভুক্ত করা রয়েছে। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯০(১) এবং ৯০(৬) ধারা অনুসারে RFQ ই-জিপি পোর্টালের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PW1(a) অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Leakage Repair Work at Dhaka Mawa Expressway Near Jurine Railgate area SWTP Transmission Network.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯০(১) এবং ৯০(৬) ধারা অনুসারে (RFQ) ই-জিপি পোর্টালের মাধ্যমে দরপত্র আহ্বানের অনুমোদন।
খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪,৯৮,৫৮৮.৩৯ (চার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত আটাত্তিশ দশমিক তিন নয়) টাকা এর অনুমোদন।
গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ, কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


13.5.26


সুবরত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


মোঃ মশিউর রহমান হুএম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


13-05-26


রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


SE (WSTPC)


13/5/26

মিজা গোলাম কিবরিয়া
ভূমিাব্যবসায় প্রকৌশলী
পাওপাশো সার্কেল, ঢাকা ওয়াসা।

০৫। বস্তুত অনুমোদিত,


13/5/26


17/06/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।